গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জুড়ী, মৌলভীবাজার
www.juri.moulvibazar.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৫৮৩৫.০০১.০৪.০২১.২২ - ৫১৬

তারিখ: ১০ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২৪ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

"স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষন, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫" মোতাবেক জুড়ী উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের পার্শ্বে বর্ণিত ওয়ার্ডসমূহে শূণ্যপদের বিপরীতে **"মহল্লাদার"** পদে যোগ্যতাসম্পন্ন পুরুষ/মহিলা সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে সরকারী নির্ধারিত বেতনে নিয়োগ করা হবে। সংশ্লিষ্ট ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের আগ্রহী প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও শারিরিক গঠন |
|---|---|---|---|---|
| মহল্লাদার | পূর্বজুড়ী | ২ ও ৯ নং ওয়ার্ড | ০২ | ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) বয়সসীমাঃ ১৫/০৭/২০২৫খ্রি. তারিখে ১৮-৩০ বছর।<br>গ) শারীরিক যোগ্যতাঃ<br>পুরুষ প্রার্থীর ক্ষেত্রেঃ<br>• সর্ব নিম্ন উচ্চতা- ৫ ফুট ২ ইঞ্চি।<br>• বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)।<br>• সর্ব নিম্ন ওজন- ৫০ কেজি।<br>মহিলা প্রার্থীর ক্ষেত্রেঃ<br>• সর্ব নিম্ন উচ্চতা- ৫ ফুট ।<br>• বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)।<br>• সর্ব নিম্ন ওজন- ৪৫ কেজি। |
| | পশ্চিমজুড়ী | ১ও ৫নং ওয়ার্ড | ০২ | |
| | জায়ফরনগর | ৩ ও ৬ নং ওয়ার্ড | ০২ | |
| | ফুলতলা | ০২ নং ওয়ার্ড | ০১ | |
| | গোয়ালবাড়ী | ৮ নং ওয়ার্ড | ০১ | |

শর্তাবলীঃ

০১। আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী, মৌলভীবাজার বরাবরে আগামী ১৫/০৭/২০২৫খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে দাখিল করতে হবে। খামের উপরে পদের নাম, ওয়ার্ড ও ইউনিয়নের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে। অসম্পূর্ন, ত্রুটিপূর্ন, ভূল তথ্য সম্বলিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক সংশ্লিষ্ট ওয়ার্ড তথা ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৩। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্মতারিখ, ধর্ম, বয়স(১৫/০৭/২০২৫খ্রিঃ তারিখে) , ভোটার আইডি নম্বর, শারীরিক যোগ্যতার পরিমাপ(ওজন, উচ্চতা ও বুকের মাপ স্বাভাবিক ও সম্প্রসারণ উল্লেখ পূর্বক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা উল্লেখ করতে হবে।

০৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি দাখিল করতে হবেঃ

ক) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি।

০৫। আবেদনপত্র গ্রহন বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। কোন তথ্য গোপন করে অথবা ভূল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে কিংবা কোন তথ্য মিথ্যা প্রমানিত হলে নিয়োগাদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

০৬। মৃত বা অবসরপ্রাপ্ত দফাদার/মহল্লাদারের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে। এক্ষেত্রে আবেদনকারীকে যথোপযুক্ত প্রমানপত্র দাখিল করতে হবে।

০৭। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষন, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫" মোতাবেক বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বেতন-ভাতাদি পরিশোধ করা হবে।

০৮। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনির ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তার(নাম পদবীর সীল স্বাক্ষরসহ) সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৯। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতি অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপর লিখতে হবে। (শারিরিক প্রতিবন্ধী/এতিম/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।

CS CamScanner

১০। সন্তোষজনক পুলিশী ভেরিফিকেশন রিপোর্ট এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত।

১১। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

(বাবলু সূত্রধর)
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী, মৌলভীবাজার

স্মারক নং- ০৫.৪৬.৫৮৩৫.০০১.০৪.০২১.২২ তারিখ: ১০ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ২৪ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

বিতরণঃ অবগতি ও কার্যার্থে-

১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জুড়ী।
২। অফিসার ইনচার্জ, জুড়ী থানা।
৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী।
৪। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জুড়ী।
৫। সহকারী প্রোগ্রাম, আইসিটি, জুড়ী। তাঁকে বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

বিতরণঃ

তাঁদেরকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ন স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন ও হাট-বাজারে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

৬। চেয়ারম্যান, ............................(সকল),ইউপি, জুড়ী
৭। ইউপি সচিব,...............................(সকল), ইউপি, জুড়ী

(বাবলু সূত্রধর)
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী, মৌলভীবাজার

CamScanner